..● ১৬৬ 13

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 15 SEP 1996 ...
পৃষ্ঠা ... ৭ কলাম ... ৩ ...

# ছাত্র সংঘর্ষ ॥ দিনাজপুর পলিটেকনিক ইনষ্টিটিউট বন্ধ ঘোষণা

দিনাজপুর সংবাদদাতা ॥ ব্যাপক সংঘর্ষের আশঙ্কায় দিনাজপুর পলিটেকনিক ইন্সটিউট আগামী ২১শে সেপ্টেম্বর পর্যন্ত বন্ধ ঘোষণা করা হইয়াছে। গতকাল (শনিবার) বিকালে

(২য় পৃঃ ৩-এর কঃদ্রঃ)

## ছাত্র সংঘর্ষ

(১ম পৃঃ পর)

ইন্সটিটিউটের সবকয়টি ছাত্রাবাস খালি করিয়া দেওয়া হয়। ছাত্র সংসদ নির্বাচনকে কেন্দ্র করিয়া দিনাজপুর পলিটেকনিক ইন্সটিটিউটের ছাত্রলীগ ও ছাত্রদলের মধ্যে মতবিরোধ দেখা দেয়।

ছাত্রলীগ গত ১০ সেপ্টেম্বরের ছাত্র সংসদ নির্বাচন স্থগিত করিবার দাবী জানাইলেও কলেজ কর্তৃপক্ষ উহা অগ্রাহ্য করেন। ছাত্রলীগ উক্ত নির্বাচন বর্জন করে। ছাত্রদল বিনা-প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হয়।

গত ১৩ই সেপ্টেম্বর রাতে ছাত্রলীগ কর্মী জুয়েল ছাত্রদল কর্মীদের হাতে গুরুতর প্রহৃত হইলে পরিস্থিতি উত্তপ্ত হইয়া উঠে। ছাত্রলীগ এই ঘটনায় ছাত্রদলের কয়েকজনের বিরুদ্ধে মামলা দায়ের করে।

ঘটনার জের হিসাবে গতকাল (শনিবার) ছাত্রদল ইনষ্টিটিউট প্রাঙ্গণে বিক্ষোভ মিছিল বাহির করে এবং কতিপয় অধ্যাপকের সহিত অশোভন আচরণ করে। কয়েকটি হলও ভাংচুর করে।

এহেন পরিস্থিতিতে কর্তৃপক্ষ ২১শে সেপ্টেম্বর পর্যন্ত ইনষ্টিটিউট বন্ধ ঘোষণা করেন।